

## প্রেস বিজ্ঞপ্তি

জুলাই হতে সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত সময়ে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-তে  
নিবন্ধিত শিল্পের ত্রৈমাসিক পরিসংখ্যান

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এ জুলাই-সেপ্টেম্বর ২০২৩ সময়ে ২২৭ টি শিল্প প্রতিষ্ঠান নিবন্ধিত হয়েছে। তন্মধ্যে ২০৩ টি শিল্প প্রতিষ্ঠানে স্থানীয় ও ১২টি শিল্প প্রতিষ্ঠানে শতভাগ বিদেশি এবং ১২টি শিল্প প্রতিষ্ঠানে যৌথ বিনিয়োগ রয়েছে। নিবন্ধিত এ সকল প্রতিষ্ঠানে প্রস্তাবিত মোট বিনিয়োগের পরিমাণ ২,০৯,৬২৬.৪২৫ (দুই লক্ষ নয় হাজার ছয়শত ছাব্বিশ দশমিক চার দুই পঁচ) মিলিয়ন টাকা। প্রস্তাবিত এই বিনিয়োগের মধ্যে ১,০৮,৬৯১.৯৯২ (এক লক্ষ আট হাজার ছয়শত একানব্বই দশমিক নয় নয় দুই) মিলিয়ন টাকা স্থানীয় এবং ১,০০,৯৩৪.৪৩৩ (এক লক্ষ নয়শত চৌত্রিশ দশমিক চার তিন তিন) মিলিয়ন টাকা বিদেশি বিনিয়োগ হয়েছে। বিগত জুলাই-সেপ্টেম্বর ২০২২ সময়ে বিনিয়োগের মোট প্রস্তাব ছিল ৩,১৬,১০৩.৩৯২ (তিন লক্ষ ষোল হাজার একশত তিন দশমিক তিন নয় দুই) মিলিয়ন টাকা।

উল্লেখ্য যে, গত তিন মাসে বৈদেশিক বিনিয়োগে সেবা খাতে সর্বাধিক বিনিয়োগ প্রস্তাব পাওয়া গেছে। এছাড়া পর্যায়ক্রমিকভাবে রাসায়নিক শিল্প খাত, খাদ্য এবং এ সংক্রান্ত শিল্প খাত, প্রকৌশল শিল্প খাত এবং বস্ত্র শিল্প খাতে উল্লেখযোগ্য পরিমাণ বিনিয়োগ প্রস্তাব পাওয়া গেছে। আলোচ্য তিন মাসে বিডা'য় (স্থানীয় ও বৈদেশিক) নিবন্ধিত সর্বমোট ২২৭টি শিল্প প্রতিষ্ঠানে মোট ৫৭,৯৩৭-টি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে মর্মে আশা করা হচ্ছে।

*Domini*  
২৯/১০/২৩

মুহাম্মদ জাহিদ হোসেন  
সহকারী পরিচালক (সহকারী সচিব)  
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)  
কমান্ডার কার্যালয়